



## কক্সবাজারে গ্যাস পাম্পে ভয়াবহ আগুন, ক্ষতিগ্রস্তদের পাশে প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

কক্সবাজারের একটি এলপিগ্যাস স্টেশনে আগুন লাগে। ক্ষতিগ্রস্ত ও আহতদের খোঁজ নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার বিষয়টি নিশ্চিত করেন স্থানীয় সংসদ সদস্য লুৎফর রহমান কাজল। তিনি জানান, প্রধানমন্ত্রী সরাসরি ফোন করে হতাহতদের অবস্থা সম্পর্কে জানতে চান এবং প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। ঘটনায় দশ ৮ জনের মধ্যে ৩ জনের অবস্থা গুরুতর। তাঁদের মধ্যে দুজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে নেওয়া হয়েছে। আরও চারজন বার্ন ইউনিটে চিকিৎসাধীন। দুজন প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন।

বুধবার রাতে কক্সবাজারের কলাতলীতে একটি নবউদ্বোধিত এলপিগ্যাস পাম্পে আগুন লাগে। প্রত্যক্ষদর্শীদের ভাষা, পাইপলাইনে লিকেজ থেকে গ্যাস বের হচ্ছিল। মেরামতের চেষ্টা চলাকালে হঠাৎ আগুন ধরে যায় এবং দ্রুত পাশের গ্যারেজ ও কয়েকটি বসতঘরে ছড়িয়ে পড়ে।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের আটটি ইউনিট ঘটনাস্থলে কাজ শুরু করে। তাদের সঙ্গে সেনাবাহিনী ও নৌবাহিনীর সদস্যরাও যোগ দেন। প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। এতে পাম্পের স্থাপনা ছাড়াও গ্যারেজে থাকা অন্তত ২০টি যানবাহন এবং কয়েকটি ঘরবাড়ি পুড়ে যায়।